

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৭৪৯

২٩/ শिष्ठोठात (كتاب الأدب)

পরিচ্ছেদঃ ২৭/৩৮. গোসলখানায় প্রবেশ করা

بَابِ دُخُولِ الْحَمَّامِ

আরবী

حَدَّثَنَا عَلِيُّ بْنُ مُحَمَّدٍ، حَدَّثَنَا وَكِيعُ، ح وَحَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا عَفَّانُ، قَالاَ حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ، أَنْبَأَنَا عَبْدُ اللَّهِ بْنُ شَدَّادٍ، عَنْ أَبِي عُذْرَةَ، _ قَالَ وَكَانَ قَدْ أَدْرِكَ لَلَّبِيَّ _ صلى الله عليه وسلم _ نَهَى النَّبِيَّ _ صلى الله عليه وسلم _ نَهَى الرِّجَالَ وَالنِّسَاءَ مِنَ الْحَمَّامَاتِ ثُمَّ رَخَّصَ لِلرِّجَالِ أَنْ يَدْخُلُوهَا فِي الْمَيَازِرِ وَلَمْ يُرَخِّصْ لِلرِّجَالِ أَنْ يَدْخُلُوهَا فِي الْمَيَازِرِ وَلَمْ يُرَخِّصْ لِللِّكَابِ أَنْ يَدْخُلُوهَا فِي الْمَيَازِرِ وَلَمْ يُرَخِّصْ

বাংলা

২/৩৭৪৯। আয়েশা (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পুরুষ ও নারীদের গোসলখানায় প্রবেশ করতে নিষেধ করেছেন। পরে তিনি পুরুষদেরকে লুঙ্গিসহ প্রবেশের অনুমতি দেন কিন্তু নারীদের অনুমতি দেননি।

English

It was narrated from Aisha that the Prophet(變):

forbade men and women to enter bathhouses, then he allowed men to enter them wearing a waist wrap, but he did not make the same allowance for women.

ফুটনোট

তিরমিয়ী ২৮০২, আহমাদ ৪০০৯, গায়াতুল মারাম ১৯১, নাকদুত তাজ আল-জামি' ৬০, আত-তালীকুর রাগীব ১৮/৮৯। তাহকীক আলবানীঃ যইফ। উক্ত হাদিসের রাবী আবু উযরাহ সম্পর্কে ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি মাজহুল বা অপরিচিত তিনি আয়শা (রাঃ) থেকে হাদিস বর্ণনা করেছেন। ইমাম যাহাবী বলেন, তার



অবস্থা সম্পর্কে কিছু জানা যায়না। আলী ইবনুল মাদীনী বলেন, তিনি মাজহুল বা অপরিচিত। (তাহযীবুল কামালঃ রাবী নং ৭৫১৩, ৩৪/৮৩ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন